



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
E-mail: dgmbcbd@krishibank.org.bd



শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিবিডিবি-১(২৭)অংশ-১/২০১৯-২০২০/১৪০৩

তারিখঃ ১৫.০৬.২০২০ ইং

- ০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
- ০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
- ০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
- ০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
- ০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ- করোনা ভাইরাস (COVID-19) সংক্রমণ রোধে সরকার ঘোষিত সাধারণ ছুটিকালীন ব্যাংক-এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে বিশেষ প্রণোদনা ভাতা প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের ০৫-০৫-২০২০ তারিখের সাকুলার লেটার নং-২৪ এর নির্দেশনায় নির্ধারিত রোস্টারিং ডিউটির কিংবা ব্যাংকের প্রয়োজনে ১০ (দশ) কার্যদিবসের অধিক স্বশরীরে ব্যাংকে উপস্থিত থাকলে ১০ (দশ) কর্মদিবসের পরবর্তী কার্যদিবসগুলোর জন্য ব্যাংকের নিজস্ব নীতিমালা/বিধিমালায় আওতায় যাতায়াত ব্যয় অতিরিক্ত হিসাবে প্রাপ্য হবেন মর্মে উল্লেখ করা হয়েছে। বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত নির্দেশনা বাস্তবায়নের উদ্দেশ্যে ব্যাংকের পরিচালনা পর্ষদের ৭৬৮ তম সভায় উপস্থাপন করা হলে পর্ষদ বিষয়টি পর্যালোচনাপূর্বক নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করেনঃ

“বাংলাদেশ কৃষি ব্যাংকে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের নিরলস পরিশ্রম ও বিশাল সংখ্যক গ্রাহকদের ব্যাংকিং সেবা প্রদানের বিষয়টি বিবেচনায় নিয়ে করোনা ভাইরাস (COVID-19) সংক্রমণ রোধে সরকার ঘোষিত সাধারণ ছুটি কালীন সময়ে (২৯/০৩/২০২০ ইং হতে ২৮/০৫/২০২০ ইং পর্যন্ত) ব্যাংকে কর্মরত কর্মকর্তা/কর্মচারী প্রতি মাসে ১০ (দশ) কার্যদিবসের অধিক স্বশরীরে ব্যাংকে উপস্থিত থাকলে ১০ (দশ) কর্মদিবসের পরবর্তী কার্যদিবসগুলোর জন্য দৈনিক ৭০০ (সাত শত) টাকা হারে যাতায়াত ভাতা প্রাপ্য হবেন।” সাধারণ ছুটিকালীন পরবর্তী কার্যদিবসগুলো জন্য ব্যাংকের নিজস্ব সাকুলার(প্রকা/শানিবিডিবি-১(২৭)অংশ-২/২০১৩-২০১৪/৬৪২ তারিখ ২০/১০/২০১৩ ইং) অনুযায়ী পূর্বের ন্যায় ভাতা প্রাপ্য হবেন।

০৩। পরিচালনা পর্ষদের উপরোক্ত সিদ্ধান্ত মোতাবেক প্রাপ্ত আর্থিক সুবিধা ব্যাংকের বিবিধ হিসাব খাত (১৩৩/৩৬ঘ) বিয়োজন করে প্রদান করতে হবে।

০৪। উপরোক্ত সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,


১৫/০৬/২০২০
(মোহাম্মদ মনিরুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক


ফোন : ৯৫৭৪০২৫

নং-প্রকা/শানিবিডিবি-১(২৭) অংশ-১/২০১৯-২০২০/ ১৪০৩

তারিখঃ ১৫.০৬.২০২০ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :-

- ০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি বিকেবির ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। নথি/মহানথি।


১৫/০৬/২০২০
(মুহাম্মদ তাইবুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক